



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY



শুভেচ্ছাপত্র

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রীতিভাজন শিক্ষকমণ্ডলী, সুপ্রিয় কর্মকর্তাগণ,
সুহৃদ কর্মচারীবৃন্দ, সুহৃদ সমন্বয়কারীবৃন্দ, টিউটরগণ ও সুপ্রিয় শিক্ষার্থীরা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে আমার প্রাণময় শুভেচ্ছা নিন।

দেশে বিদেশে নগরী মহানগরীতে জেলায় উপজেলায় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বিস্তৃত স্টাডি সেন্টারে নারী-পুরুষ, নবীন-প্রবীণ শিক্ষার্থীরা শিক্ষার মহাসোপানে এসে দূর প্রযুক্তির সহায়তায় বিশ্ববিদ্যালয়ের বৃহত্তর আঙিনায় সমবেত হয়ে দেশ সেবার মহত্তম অভিপ্রায়ে জ্ঞান সঞ্চয়নে দক্ষতা সৃজনে একত্রিত হয়েছেন। প্রতিষ্ঠাবার্ষিকীর এই শুভদিনে আপনাদের এই প্রেষণাকে আমি আন্তরিক স্বাগত জানাই।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বিশ্ববিদ্যালয়ের ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকীতে জাতির পিতার সুযোগ্য জ্যেষ্ঠ কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নত বাংলাদেশ সৃজনের লক্ষ্যে রূপকল্প ২০৪১ বাস্তবায়নের অঙ্গীকার ও দৃঢ় প্রত্যয়ে সুখী সমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠার জন্য সকলের সাথে নিষ্ঠা সততায় গভীর আত্মত্যাগে কাজ করে যেতে হবে।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা। এই নবতর অভিলক্ষ্যকে সামনে রেখেই দেশমাতৃকার উন্নয়নে আসুন সকলে মিলে কাজ করার শপথ নেই। প্রতিষ্ঠাবার্ষিকীতে এই হোক আমাদের অঙ্গীকার।

পললভূমির এই দেশে বাউবি কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি, স্বাস্থ্য, ব্যবসা ও বিপণন ব্যবস্থাপনা, শিক্ষা, মানবিক ও সামাজিক বিজ্ঞান, উচ্চতর গবেষণাসহ সাধারণ শিক্ষার বহুধা শাখায় বাউবির শিক্ষকগণ তাঁদের মেধা, মনন, চিন্তন শিক্ষাদর্শনের মাধ্যমে শিক্ষার বিস্তরণ করে চলেছে। জ্ঞান মণীষার বিকাশে আমি এই নিরন্তর তপস্যাকে সাধুবাদ জানাই। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জানাই এই দিনে সানন্দ সম্ভাষণ। দক্ষতায় পারঙ্গম কর্মকর্তা কর্মচারীদের জন্য আন্তরিক শুভকামনা। এই দিনে আমার সাথে সংযুক্ত প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড.নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, বোর্ড অব গভর্নরসের সম্মানিত সদস্যসহ বিধিবদ্ধ পর্যদের সদস্যগণ ও রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলমকে একান্ত প্রীতিময় সানন্দ শুভেচ্ছা জানাই। আমি এ বিশ্বাস লালন করি যে, আমাদের যৌথ প্রয়াস, সমন্বিত উদ্যোগ, একনিষ্ঠ কর্মপ্রবাহ, পবিত্র প্রত্যাশা বাস্তবায়নের মধ্যদিয়ে দেশে উৎকর্ষ শিক্ষার বিস্তৃতি হবে। এগিয়ে যাবে স্বদেশ, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ সৃজিত হবে। ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে সকলকে আবারও শুভেচ্ছা জানাই।

চলুন, সকলে মিলে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে সমৃদ্ধির পথে আরও এগিয়ে নিয়ে যাই। পরিশেষে, সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তার অভীষ্ট লক্ষ্য অর্জন করুক।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চিরজীবী হোক। বাংলাদেশ চিরজীবী হোক। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

শুভেচ্ছান্তে

তারিখ: ৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ, ২১ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

অধ্যাপক সৈয়দ হুমায়ুন আখতার পিএইচডি

উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

